
মৎস্যজীবী ক্রেডিট কার্ড
(MJCC)

# মৎস্যজীবী ক্রেডিট কার্ড এর উদ্দেশ্য

- এই প্রকল্পে মৎস্যচাষীদের মিষ্টি জলের মাছ চাষে মূলধনের প্রয়োজনীয় ঋণ সময়মতো ও সহজতর পদ্ধতিতে প্রদান করে মাছ চাষের উন্নতি ঘটানো I

# মৎস্যজীবী ক্রেডিট কার্ড কারা পেতে পারে ?

- সকল মৎস্যচাষী তথা ক্ষুদ্র, প্রান্তিক, মৎস্যচাষের সাথে যুক্ত স্বনির্ভর গোষ্ঠী(SHG), দায়বদ্ধ যৌথ দল (JLG) , মৎস্য উৎপাদক গোষ্ঠী (FPG), মৎস্য ফার্মার প্রডিউসার অরগানাইজেশন (FFPO) মৎস্যজীবী ক্রেডিট কার্ড পেতে পারে।

- উপভোক্তা যেকোনো রকম মৎস্য চাষ সম্পর্কিত ক্রিয়া-কলাপ এর সাথে ব্যক্তিগত বা ইজারা পদ্ধতিতে যুক্ত থাকতে হবে।

# মৎস্যজীবী ক্রেডিট কার্ড এর বৈশিষ্ট্য

- মৎস্যচাষী এর মাধ্যমে সর্বোচ্চ ২ লক্ষ টাকা লোন নিতে পারেন ।

- ক্রেডিট কার্ডে সুদের হার ৭% যদি নির্ধারিত সময়ে বা তার আগে ঋণ শোধ করতে পারেন তাহলে আরও ৩% ছাড় পাওয়া যাবে ।

- দু'লাখ টাকা পর্যন্ত ঋণ এর জন্য কোন ইন্সুরেন্স প্রয়োজন নেই।

- ফসল তোলা এবং বাজারজাতকরণের পরেই ঋণ পরিশোধ।

- ফসল তোলার পর নমনীয় ঋণ পরিশোধ এবং ফসল খারাপের সময় কালে ঋণ পরিশোধের সময়সীমা সংশোধন ।

# সহযোগী ব্যাংক

- মৎস্যজীবী ক্রেডিট কার্ড স্টেট কো-অপারেটিভ ব্যাংক (DCCB) থেকে অথবা অন্য ন্যাশনাল ব্যাংক থেকে ইস্যু হতে পারে

# প্রয়োজনীয় নথিপত্র

- আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি দুই কপি
- আধার কার্ডের জেরক্স -স্ব প্রত্যয়িত
- ভোটার কার্ডের জেরক্স -স্ব প্রত্যয়িত
- মৎস্যজীবী পরিচয় পত্র জেরক্স (যদি থাকে) -স্ব প্রত্যয়িত
- বাসস্থানের ঠিকানার প্রমাণপত্র -স্ব প্রত্যয়িত
- জলাশয় এর তফসিলের ফটোকপি -স্ব প্রত্যয়িত
- মালিকানা সংক্রান্ত নথি (প্রধানের শংসাপত্র)

# মৎস্যজীবী ক্রেডিট কার্ডের প্রকল্প মূল্য (বিঘা প্রতি)

- দেশীয় মাগুর মাছ চাষ (১৪০০০০/-)

- দেশীয় বড় আকারের মাছ তৈরি (১৯৯৫০০/-)

- দেশীয় চারাপোনা (Fingerlings) মাছ তৈরি (৫২০০০/-)

- দেশীয় পোনা মাছের চাষ (৭৯০০০/-)

- রঙিন মাছ চাষ (১৪০০০০/-)

- গিফট তেলাপিয়া মাছের চাষ (৮৭০০০/-)

- পাবদা মাছের চাষ (৮৭০০০/-)

- দেশীয় কই মাছের চাষ (৮৭০০০/-)

# কী পদ্ধতিতে কোন ব্যক্তি এই কার্ড পাবেন

- নির্দিষ্ট আবেদনপত্রে আবেদন করতে হবে ব্লক মৎস্য সম্প্রসারণ আধিকারিক এর মাধ্যমে
- আবেদনপত্র পাবেন ব্লক অফিস, পঞ্চায়েত অফিস এবং দুয়ারে সরকার ক্যাম্পে
- ফরম পূরণ করে ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে I
- পর সেটি স্ক্রুটিনি করে মৎস্য সম্প্রসারণ আধিকারিক ব্যাংক- এ পাঠাবেন

- আরো বিশদে জানার জন্য নিকটবর্তী ব্লক অফিসে মৎস্য সম্প্রসারণ আধিকারিক এর সাথে যোগাযোগ করুন অথবা জেলা মীন ভবনে মৎস্যচাষী উন্নয়ন সংস্থার অফিসে যোগাযোগ করুন।


ধন্যবাদ